SKIPPER Limited

SKPL/SECT/2026-27/60
Date: 10th August, 2026

The Manager
National Stock Exchange of India Limited
Exchange Plaza, 5th Floor,
Plot No. C/1, G Block
Bandra Kurla Complex, Bandra (E)
Mumbai - 400 051
Symbol - SKIPPER

The Manager
BSE Limited
Phiroze Jeejeebhoy Towers, Dalal Street
Mumbai – 400 001
Scrip Code-538562

Subject: Newspaper Publication pertaining to the "Special window for re-lodgement of transfer requests of physical shares"

Dear Sir/Madam,

We are enclosing herewith the copies of newspaper publications made on 10th August, 2026 in Financial Express (English) (All editions) and Ek Din (Bengali) (Kolkata edition) towards publication of "Special window for re-lodgement of transfer requests of physical shares", in terms of Regulation 30 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.

The contents of the above publications are self-explanatory. The same is also being uploaded on the Company's website at www.skipperlimited.com.

We request you to kindly take the same on records.

Thanking You,

Yours faithfully,
For **Skipper Limited**

ANU SINGH
Digitally signed by ANU SINGH
Date: 2026.08.10 15:22:24 +05'30'

Anu Singh
Company Secretary & Compliance Officer

Encl: As above

FORM G

INVITATION FOR EXPRESSION OF INTEREST FOR DISHA INFRASPACE SOLUTIONS PRIVATE LIMITED

Operating in commercial and residential interior design services having registered office at Plot No. B4 / 37, CMDA's Industrial Complex, Maraimalai Nagar, S. No. 166, 167, 168, Kilakaranai, Chengalpettu, Kancheepuram, Tamil Nadu – 603 209

(Under sub-regulation (1) of regulation 36A of the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016)

SL.	RELEVANT PARTICULARS	DETAILS
1.	Name of the corporate debtor along with PAN & CIN	Disha Infraspace Solutions Private Limited (IN CIRP) CIN: U45402TN2007PTC063761 PAN: AACCD6366R
2.	Address of the registered office	Plot No. B4 / 37, CMDA's Industrial Complex, Maraimalai Nagar, S. No.166, 167, 168, Kilakaranai, Chengalpettu, Kancheepuram, Tamil Nadu – 603 209
3.	URL of website	Not Available
4.	Details of place where majority of fixed assets are located	Not Applicable
5.	Installed capacity of main products/ services	Not Applicable
6.	Quantity and value of main products/ services sold in last financial year	NIL
7.	Number of employees/ workmen	NIL
8.	Further details including last available financial statements (with schedules) of two years, lists of creditors are available at URL:	Can be sought by writing an email to the RP at ip.displ@gmail.com
9.	Eligibility for resolution applicants under section 25(2)(h) of the Code is available at URL:	Can be sought by writing an email to the RP at ip.displ@gmail.com
10.	Last date for receipt of expression of interest	18th August, 2026
11.	Date of issue of provisional list of prospective resolution applicants	20th August, 2026
12.	Last date for submission of objections to provisional list	23rd August, 2026
13.	Date of issue of final list of prospective resolution applicants	24th August, 2026
14.	Date of issue of information memorandum, evaluation matrix and request for resolution plans to prospective resolution applicants	24th August, 2026
15.	Last date for submission of resolution plans	8th September 2026
16.	Process email id to submit Expression of Interest	ip.displ@gmail.com
17.	Details of the corporate debtor's registration status as MSME	Not Available

* Please note that the above timelines shall be subject to the approval of extension of timeline for completion of CIRP of the corporate debtor by Hon'ble NCLT, Chennai Bench.

Mr. G Ramachandran
Resolution Professional
Disha Infraspace Solutions Private Limited (IN CIRP)
IP Registration No: IBBI/IPA-002/IP-N00167/2017-18/10437
F-10, Syndicate Residency, Dr. Thomas First Street, South Boag Road, T. Nagar, Chennai, Tamil Nadu - 600 017

Date: 10/08/2026
Place: Chennai

SKIPPER LIMITED

CIN: L40104WB1981PLC033408
Registered Office: 3A, Loudon Street, 1st Floor, Kolkata - 700 017
Phone: (033) 2289 5731, Fax: (033) 2289 5733
Email: investor.relations@skipperlimited.com, Website: www.skipperlimited.com

NOTICE TO SHAREHOLDERS

SPECIAL WNDOW FOR RE-LODGMENT OF TRANSFER REQUESTS OF EQUITY SHARES HELD IN PHYSICAL MODE-FOURTH REMINDER

Skipper Limited (the Company) hereby informs its shareholders that the Securities and Exchange Board of India vide its Circular No. HO/38/13/11(2)2026-MIRSD-POD/I/3750/2026 dated January 30, 2026, had announced re-opening of special window for re-lodgement of transfer requests of equity shares held in physical mode.

To facilitate ease of investing and safeguard the rights of investors in respect of the securities purchased by them, this special window has been opened solely for the re-lodgement of physical transfer deeds that were originally executed prior to April 1, 2019.

This special window will remain open until February 4, 2027, providing shareholders with one year to re-lodge their physical transfer requests.

For better understanding of the aforesaid circular, please refer to the matrix given below :

Execution Date of Transfer Deed	Lodged for transfer before April 1, 2019?	Original Share Certificate available?	Eligible to lodge in the current window?
Before April 1, 2019	No (it is fresh lodgement)	Yes	Yes
	Yes (it was rejected/returned earlier)	Yes	Yes
	Yes	No	No
	No	No	No

Eligible Shareholders are requested to refer the Circular for further details and re-lodge physical shares for transfer during the special window period to the Company's Registrar and Transfer Agent, **Maheshwari Datamatics Private Limited,** 23 R. N. Mukherjee Road, 5th Floor, Kolkata - 700001, **E-mail: contact@mdplcorporate.com,** to avail the benefit of this facility.

For **Skipper Limited**
Sd/-
Anu Singh
(Company Secretary & Compliance Officer)

Place : Kolkata
Date : 10.08.2026



AMBIKA COTTON MILLS LIMITED

Regd. Office : 15/9A, Valluvar Street, Sivanandha Colony, Coimbatore - 641 012.
CIN : L17115TZ1988PLC002269
Tel : (0422) 2491501/02 | Email : ambika@acmills.in | Website : www.acmills.in

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30/06/2026

(Rs. In Lakhs,except per share data)

Particulars		Quarter Ended			Year Ended
		31.06.2026	31.03.2026	30.06.2025	31.03.2026
		(Unaudited)	(Audited)	(Unaudited)	(Audited)
1. Total Income from Operations		26124	22075	19527	79619
2. Operating Profit		4273	4114	3022	12943
3. Finance Cost		295	272	403	1268
4. Gross Profit		3978	3842	2619	11675
5. Depreciation		524	549	488	2056
6. Net profit/(Loss) for the period (before tax and exceptional items)		3454	3293	2131	9619
7. Net profit/(Loss) for the period before tax (after exceptional items)		3454	3293	2131	9619
8. Net profit/ (Loss) for the period after tax (after exceptional items)		2570	2453	1592	7156
9. Other Comprehensive Income		0	-12	0	-12
10. Total Comprehensive income for the period (Comprising Profit / (Loss) for the period (after tax)		2570	2441	1592	7144
11. Equity Share Capital		572.50	572.50	572.50	572.50
12. Reserves (excluding Revaluation Reserve) as per Audited Balance Sheet		-	-	-	94859
13. Earnings Per Share (of Rs.10/- each) (for Continuing and discontinued operations)	a) Basic	44.89	42.85	27.81	125.00
	b) Diluted	44.89	42.85	27.81	125.00

The above is an extract of the detailed format of **Quarterly Financial Results ended 30th June ,2026** filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligation and Disclosure requirements) Regulations, 2015. The full format of the Unaudited Financial Results for the **Quarter ended 30th June 2026** are available on the Company's websites **(www.acmills.in)** and on the websites **of BSE (www.bseindia.com) & NSE (www.nseindia.com)**

For Ambika Cotton Mills Limited
S/d
P.V.Chandran,
Chairman & Managing Director
DIN : 00628479

Place : Coimbatore
Date : 08.08.2026

Orbit Exports Limited

122, MISTRY BHAVAN, 2ND FLOOR, NEAR K C COLLEGE, DINSHAW WACHHA ROAD, CHURCHGATE, MUMBAI – 400 020. (MAH.) INDIA. TEL: +91-22-6625 6262, FAX: +91-22-22822031,
E-mail: investors@orbitexports.com, Website: www.orbitexports.com;
CIN NO: L40300MH1983PLC030872

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS (STANDALONE & CONSOLIDATED) FOR THE QUARTER ENDED JUNE 30, 2026

The Board of Directors of the Company, at the meeting held on August 8, 2026, approved the unaudited financial results of the company for the quarter ended June 30, 2026 **("Financial Results").**

The Financials along with the Limited Review Report, have been posted on the Company's website and can be assessed by scanning the QR code.

For and behalf of Borad of Directors of
Orbit Exports Limited
Sd/-
Pankaj Seth
Chairperson and Managing Director
(DIN:00027554)

Date: August 08, 2026
Place: Mumbai

Note: The above intimation is in accordance with the Regulation 33 read with Regulation 47(1) of the SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulations, 2015

FOURTH QUARTERLY NOTICE IN RESPECT OF EXIT OFFER TO THE PUBLIC SHAREHOLDERS OF EASTERN GENERAL INDUSTRIES LIMITED

CIN: U01131WB1952PLC020342,
Registered Office: 90/31, Diamond Harbour Road, Kolkata - 700 038,
Tel. No.: 033- 2398-3475 / 3289, Email: official@rawjute.in, Website: www.rawjute.in

This fourth quarterly notice in respect of Exit Offer (**"Exit Offer Notice 4"**) is being issued in accordance with Regulation 27 of the Securities and Exchange Board of India (Delisting of Equity Shares) Regulations, 2021 as amended (the **"Delisting Regulations"**) and in compliance with SEBI Exemption Letter SEBI/HO/CFD/CFD-RAC-DCR1/P/OW/2023/44667/1 dated November 06, 2023, by Mr. Harsh Vardhan Kejriwal forming part of the Promoters/ Promoter Group (hereinafter referred to as the **"Promoter Acquirer"**) of Eastern General Industries Limited (hereinafter referred to as the "**Company"/ "EGIL"**), to provide the Remaining Public Shareholders (**"Residual / Remaining Public Shareholders"**) of EGIL an exit opportunity. The Acquirer intends to acquire 4,500 (Four Thousand and Five Hundred) equity shares representing 2.25% of fully paid-up equity share capital of the Company held by the Residual Public Shareholders. This Exit Offer Notice 4 is in continuation of and should be read in conjunction with the Initial Public Announcement dated December 05, 2023 (**"Initial Public Announcement"/ "IPA"**), the Offer Letter (**"Offer Letter"**) dated December 17, 2024, the Exit Offer Public Announcement (**"Exit Offer PA"**) dated July 16, 2025 published on July 17, 2025, Exit Offer Letter dated July 16, 2025, Exit Offer Notice 1 dated October 23, 2025 published on October 24, 2025, Exit Offer Notice 2 dated January 30, 2026 published on January 31, 2026 and Exit Offer Notice 3 dated May 06, 2026 published on May 07, 2026.

The equity shares of the Company have been delisted from The Calcutta Stock Exchange Limited (**"CSE"**) i.e., the only Stock Exchange where the equity shares of the Company were listed, with effect from July 08, 2025 (**"Date of Delisting"**).

1. OUTSTANDING EQUITY SHARES AFTER DELISTING:

1.1 As the equity shares of the Company have already been delisted, the Acquirer has provided an Exit Offer in accordance with Regulation 26 of the Delisting Regulations and in compliance with SEBI Exemption letter SEBI/HO/CFD/CFD-RAC-DCR1/P/OW/2023/44667/1 dated November 06, 2023, as announced earlier in the Exit Offer PA. The Remaining Public Shareholders of the Company who did not or were not able to tender their equity shares or who unsuccessfully tendered their equity shares will be able to offer their equity shares to the Acquirer at the price of Rs. 200.50 (Rupees Two Hundred and Fifty Paise Only) (**"Exit Price"**) for a period of two year starting from the Date of Delisting i.e., from July 08, 2025 to July 07, 2027 (**"Exit Period"**)

1.2 The Exit Offer Letter (**"Exit Offer Letter"**) in this regard has been dispatched to the remaining Public Shareholders whose names appeared in the register of members of the Company as on July 11, 2025. In the event of any shareholder not receiving or misplacing their Exit Offer Letter, they may obtain a copy by writing to the Company, clearly marking the envelope **"EGIL- EXIT OFFER"** at 90/31, Diamond Harbour Road, Kolkata- 700 038. Alternatively, the soft copy of the Exit Offer Letter may be downloaded from the website of the Company at www.rawjute.in.

1.3 **Shareholders holding in Dematerialised Form:**
The beneficial owner and public shareholders will be required to send their Exit Application Form and other relevant documents to the Promoter Acquirer at 90/31, Diamond Harbour Road, Kolkata- 700038, either by registered post / courier or by hand delivery, at address mentioned above, along with a photocopy of the delivery instructions in "Off-market" mode or counterfoil of the delivery instructions in "Off-market" mode, duly acknowledged by the depository participant (**"DP"**), in favour of **"Eastern General Industries Ltd. Delisting Escrow Demat Account**" filled in as per the instructions given below:

Name of the Account in which Equity Shares will be Transferred	Eastern General Industries Ltd. Delisting Escrow Demat Account
Name of Depository	National Securities Depository Limited
Name of Depository Participant	Anand Rathi Share and Stock Brokers Limited
Depository Participant's ID No.	IN301803
Client ID No.	10047126
ISIN No.	INE0GUO01016

2. PAYMENT OF CONSIDERATION TO RESIDUAL SHAREHOLDERS:
Subject to any regulatory approvals as may be required, the Acquirer intends to make payments on monthly basis, within 15 days of the end of the relevant calendar month (**"Monthly Payment Cycle"**). The first Monthly Payment Cycle commenced within 15 days from September 01, 2025 for equity shares tendered upto August 31, 2025 and will continue till the Exit Offer Period. Payments will be made only to those shareholders who have validly tendered their equity shares by following the instructions laid out in the Exit Offer Letter and the Exit Application Form enclosed therewith (**"Exit Application Form"**). Please note that the Acquirer reserves the right to make payments earlier.

3. TENDER DETAILS:
No equity shares have been tendered by the Residual Public Shareholders from the date of dispatch of the Exit Offer Letter to till date.

Capitalized terms used but not defined in this Exit Offer Notice 4 shall have the same meaning assigned to them as in the IPA, Offer Letter, Exit Offer PA, Exit Offer Letter, Exit Offer Notice 1, Exit Offer Notice 2 and Exit Offer Notice 3. In case the Public Shareholders have any query, they may contact the Compliance Officer of the Company i.e., Mr. Ravi Singh at ravisingh@rawjute.in.

Sd/-
Harsh Vardhan Kejriwal
(On behalf of self and other constituents of the Promoter / Promoter Group)

Place: Kolkata
Date: 08.08.2026



EXTRACT OF STATEMENT OF CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30 JUNE 2026

(₹ in Lakhs)

Sr. No.	Particulars	Consolidated			
		Quarter Ended			Year Ended
		30/06/2026	31/03/2026	30/06/2025	31/03/2026
		Unaudited	Audited	Audited	Audited
1	Total Income From Operations	8,116.49	14,147.18	6,974.20	41,727.29
2	Net Profit / (Loss) Before Tax	692.92	1,293.16	551.25	3,699.42
3	Net Profit / (Loss) After Tax	466.32	976.32	429.92	2,777.99
4	Total Comprehensive Income for the Period	468.30	982.24	428.40	2,787.34
5	Paid-up equity share capital	1,203.58	1,203.58	1,193.58	1,203.58
6	Earnings Per Share (EPS) not annulized (FV. Rs. 2/- each)				
	Basic EPS	0.78	1.64	0.73	4.65
	Diluted EPS	0.78	1.64	0.73	4.65
	See accomplying note to the Financial Results				

Note : (1) The above Audited Consolidated Financial Results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at its meeting held on 08 August, 2026. The statutory auditors of the company have carried out limited review of the financial results for the quarter ended 30 June 2026. (2)The Above Financial Results have been prepared in accordance with the applicable Indian Accounting Standards as prescribed u/s. 133 of the Companies Act, 2013 read with rule 3 of the Companies (Indian Accounting Standards) Rules, 2015 as amended and other recognized accounting practices and policies to the extent applicable.

(3) Standalone Financial Results as on 30 June 2026 are as under:

EXTRACT OF STATEMENT OF STANDALONE FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30 JUNE 2026

(₹ in Lakhs)

Sr. No.	Particulars	Standalone			
		30/06/2026	31/03/2026	30/06/2025	31/03/2026
		Unaudited	Audited	Audited	Audited
1	Total Income From Operations	8,116.49	14,221.50	6,974.20	41,974.53
2	Net Profit / (Loss) Before Tax	691.92	1,277.65	536.06	3,647.90
3	Net Profit / (Loss) After Tax	465.32	960.81	414.73	2,726.47
4	Total Comprehensive Income for the Period	467.33	966.56	413.21	2,735.64

(4) The above is an extract of the detailed format of Audited financial results for the quarter ended 30 June 2026 filed with Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Audited financial results for the quarter ended 30 June 2026 are available on the Company's website at www.captainpolyplast.com and on the website of the Stock Exchange at www.bseindia.com. (5) Previous periods / years' figures have been re-grouped / re-classified, where necessary to make it comparable with the current period.

For, **CAPTAIN POLYPLAST LTD**
Sd/-
Ritesh Rameshbhai Khichadia
(Whole-time Director)
DIN : 07617630

CAPTAIN POLYPLAST LTD.
e-mail : info@captainpolyplast.in | web : www.captainpolyplast.com | CIN NO. : L25209GJ1997PLC031985
Date : 08-08-2026, Place : Rajkot

IKIO TECHNOLOGIES LIMITED

(Formerly known as IKIO LIGHTING LIMITED)
CIN -L31401DL2016PLC292884
411, Arunachal Building 19 Barakhamba Road, Central Delhi, Connaught Place, Delhi, India, 110001
E-mail -secretarial@ikiotech.com, Website - www.ikiotech.in Tel. No. 0120-5106867

Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the Quarter Ended June 30, 2026

₹In Million

Sr No.	Particulars	Standalone				Consolidated			
			Quarter Ended		Year Ended	Quarter Ended			Year Ended
		Unaudited 3 Months Ended 30-06-2026	Unaudited Preceding 3 Months Ended 31-03-2026	Unaudited Correspond-ing 3Months Ended 30-06-2025	Audited Previous Year Ended 31-03-2026	Unaudited 3 Months Ended 30-06-2026	Unaudited Preceding 3 Months Ended 31-03-2026	Unaudited Correspond-ing 3 Months Ended 30-06-2025	Audited Previous Year Ended 31-03-2026
1.	Total Income	476.19	408.17	428.30	1,844.17	1,735.24	1,705.41	1,221.85	6,098.13
2.	Profit/(Loss) for the period before tax	54.45	38.84	43.83	196.49	169.00	205.17	42.25	529.95
3.	Profit/(Loss) for the period after tax	45.11	29.01	32.94	147.80	110.46	175.23	23.78	415.55
4.	Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	45.11	29.62	32.94	151.18	109.06	173.34	23.11	417.02
5.	Equity Share Capital	772.81	772.81	772.81	772.81	772.81	772.81	772.81	772.81
6.	Other Equity	-	-	-	4,182.27	-	-	-	5,248.45
7.	Earnings Per Share(for continuing and discountined operations) -								
	1. Basic	0.58	0.38	0.43	1.91	1.40	2.13	0.31	4.89
	2. Diluted	0.58	0.37	0.42	1.90	1.39	2.12	0.30	4.87

NOTE:

1. The Standalone & Consolidated financial results of IKIO Technologies Limited (Formerly known as IKIO Lighting Limited) ("the Company") are prepared in accordance with the recognition and measurement principles of Indian Accounting Standards as notified under the Companies (Indian Accounting Standards) Rules, 2015 (as amended) as specified in Section 133 of the Companies Act, 2013 and as per Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (Listing Regulation).
2. The unaudited Standalone & Consolidated financial results of the Company for the quarter ended June 30, 2026 have been reviewed by the Audit Committee and were subsequently approved by Board of Directors ('the Board') at its meeting held on August 08, 2026. These standalone and consolidated financial results have been reviewed by the Statutory Auditors of the Company.
3. The above are an extract of detail format of unaudited Standalone & Consolidated Financial results filed with the stock exchanges under the regulation 33 of SEBI (LODR) Regulations, 2015. The full format of the quarterly results are available on the Company's Website at https://ikiotech.com and the website of NSE & BSE.

For IKIO Technologies Limited
(Formerly Known as IKIO Lighting Limited)
Sd/-
Mr. Hardeep Singh
Managing Director

Place: Noida, Uttar Pradesh
Date: 08.08.2026

আন্দামানে অভিযানের সূচনা উপরাষ্ট্রপতির

পুদুচেরিতে হর ঘর তিরঙ্গা যাত্রার সূচনা অমিত শাহের

পুদুচেরি, ভোপাল, শ্রীবিজয়পুরম, জম্মু, ৯ অগস্ট: স্বাধীনতা দিবস উদযাপনের প্রাক্কালে, রবিবার আন্দামান ও নিকোবরের শ্রী বিজয়পুরমে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন 'হর ঘর তিরঙ্গা' অভিযানের সূচনা করেন। এই সময় তিনি স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং ১৯৪২ সালের 'ভারত ছাড়ো আন্দোলন'-এর কথা স্মরণ করেন।

সিপি রাধাকৃষ্ণন শ্রী বিজয়পুরমের 'ফ্ল্যাগ পয়েন্টে' জাতীয় পতাকা উত্তোলন করেন, ঠিক এই স্থানেই ১৯৪৩ সালের ৩০ ডিসেম্বর নেতাজি সুভাষচন্দ্র বসু ত্রিবর্ণরঞ্জিত পতাকা উত্তোলন করে আন্দামান ও নিকোবরকে ব্রিটিশ শাসন থেকে মুক্ত বলে ঘোষণা করেছিলেন। তিনি বলেন, 'আন্দামানের কথা ভাবলে কেবল এর সবুজ প্রকৃতির সৌন্দর্যের কথাই মনে আসে না। সাভারকর ও নেতাজি সুভাষচন্দ্র বসুর প্রজ্বলিত দেশপ্রেমের আগুন আমাদের বহু প্রজন্ম ধরে প্রতিটি ভারতীয় নাগরিকের হৃদয়ে বিরাজ করবে।' উপরাষ্ট্রপতি সেইসব স্বাধীনতা সংগ্রামীর প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন, যাঁরা সেলুলার জেলে 'দুর্ভোগ সহ্য করেছিলেন'।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রবিবার পুদুচেরির মুরুগা থিয়েটার সিগন্যালে 'হর ঘর তিরঙ্গা' যাত্রার সূচনা করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লেফটেন্যান্ট গভর্নর কে কৈলাশনাথন, পুদুচেরির স্বরাষ্ট্রমন্ত্রী এ নামাসিভায়াম, কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী জিএনএস রাজাশেখরন এবং বিজেপি সভাপতি ভিপি রামালিঙ্গম। হাজার হাজার মানুষ ত্রিবর্ণরঞ্জিত পতাকা হাতে এই র‍্যালিতে অংশ নেন।

এর আগে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী গোরিমেডুর পুলিশ ট্রেনিং স্কুল মাঠে পুদুচেরি পুলিশকে 'প্রেসিডেন্টস পুলিশ কালার' (রাষ্ট্রপতির পুলিশ পতাকা) প্রদানের অনুষ্ঠানে অংশ নেন। পুদুচেরি পুলিশকে অভিনন্দন জানিয়ে অমিত শাহ বলেন, কোনও সুশৃঙ্খল পুলিশ বাহিনীর জীবনে 'প্রেসিডেন্টস পুলিশ কালার' প্রাপ্তি অত্যন্ত গৌরবময় মুহূর্তগুলোর মধ্যে অন্যতম তিনি উল্লেখ করেন, পুদুচেরি পুলিশের সদস্য সংখ্যা ৫ হাজারের কম হলেও, সমৃদ্ধ আধ্যাত্মিক ঐতিহ্যের অধিকারী এই কেন্দ্রশাসিত অঞ্চলের সুরক্ষা, অভ্যন্তরীণ নিরাপত্তা বজায় রাখা এবং এর সম্মান ও মর্যাদা রক্ষার গুরুদায়িত্ব তাদের ওপর ন্যস্ত সারা দেশের পাশাপাশি রবিবার মধ্যপ্রদেশের ভোপালেও তিরঙ্গা যাত্রার আয়োজন করা হয়। অত্যন্ত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে বহু মানুষ তিরঙ্গা যাত্রায় অংশ নেন। মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদবও ভোপালে আয়োজিত 'তিরঙ্গা যাত্রায়' অংশ নেন। ত্রিবর্ণরঞ্জিত পতাকা হাতে নিয়ে মিছিলে নেতৃত্ব দেন মুখ্যমন্ত্রী।

তিনি বলেন, 'ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতিনীতিন নবীনের আহ্বানে আমরা সারা দেশজুড়ে 'তিরঙ্গা যাত্রা'র আয়োজন করছি। প্রতিটি রাজ্যের রাজধানীতে এই শোভাযাত্রাগুলি অনুষ্ঠিত হচ্ছে।' এদিন ভোপালে আয়োজিত তিরঙ্গা যাত্রাকে ঘিরে সাধারণ মানুষের মধ্যেও যথেষ্ট উৎসাহ লক্ষ করা গিয়েছে।

নাগরিকদের দেশপ্রেমে উদ্বুদ্ধ করার লক্ষ্যে রবিবার থেকে দেশজুড়ে শুরু হয়েছে হর ঘর তিরঙ্গা অভিযান। যা চলবে আগামী ১৭ আগস্ট পর্যন্ত। স্বাধীনতা দিবসের প্রাক্কালে রবিবার জম্মুতে আয়োজিত 'তিরঙ্গা যাত্রা'। তাতে অংশ নেন বিজেপির নেতা-কর্মীরা। জম্মু ও কাশ্মীরের বিজেপি সভাপতি সত শর্মা বলেন, 'যুব মোর্চা একটি মোটরবাইক র‍্যালির আয়োজন করেছে। 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচির আওতায় আমাদের প্রধানমন্ত্রী ও সর্বভারতীয় সভাপতির আহ্বান বাস্তবায়নে ভারতীয় জনতা পার্টি সম্মিলিতভাবে কাজ করছে। এই প্রচার অভিযান টানা চার দিন ধরে চলবে। আমাদের সবার কাছেই ত্রিবর্ণরঞ্জিত পতাকার বিশেষ গুরুত্ব রয়েছে। বিশেষ করে জম্মু ও কাশ্মীরের ক্ষেত্রে ৫ আগস্ট, ২০১৯-এর পর থেকে এর গুরুত্ব আরও বৃদ্ধি পেয়েছে। তার আগে এখানে দুটি পতাকা থাকত। তবে 'এক দেশ, এক পতাকা' নীতিটি এখন ত্রিবর্ণরঞ্জিত পতাকার সম্মান ও গৌরবের জন্য আমাদের বীর ও যুবসমাজের আত্মত্যাগের প্রতিফলন ঘটায়, এটি সেই সময়ের কথাও মনে করিয়ে দেয় যখন এখানে পতাকা উত্তোলন ছিল এক কঠিন কাজ।'

বিজেপি সাংসদ গোলাম আলি খটানা বলেছেন, 'নরেন্দ্র মোদীর নেতৃত্বে ত্রিবর্ণরঞ্জিত পতাকা নতুন উচ্চতায় উড়ছে এবং দেশ সাফল্যের নতুন শিখর স্পর্শ করছে। মহাকাশ, প্রযুক্তি, পরিবেশ, পরিচ্ছন্ন শক্তি কিংবা প্রতিরক্ষা ও তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে রপ্তানি, সবক্ষেত্রেই দেশ আরও উচ্চতার দিকে এগিয়ে চলেছে। অধিকৃত পিওজেকে এলাকায় পাকিস্তানি সেনাবাহিনীর চালানো নৃশংসতা, বর্বরতা ও রক্তপাত এই পরিস্থিতির এক জ্বলন্ত উদাহরণ।'

সময়ে বিচার নিশ্চিত করাই তিনটি নতুন ফৌজদারি আইনের লক্ষ্য: শাহ

পুদুচেরি, ৯ অগস্ট: সময়ে বিচার নিশ্চিত করাই তিনটি নতুন ফৌজদারি আইনের লক্ষ্য, জোর দিয়ে বললেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি বলেন, ঔপনিবেশিক আমলের আইনের পরিবর্তে মোদী সরকার যে তিনটি নতুন ফৌজদারি আইন প্রবর্তন করেছে, তা মূলত তিনটি গুরুত্বপূর্ণ স্তম্ভের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে: প্রযুক্তি, সময়সীমা এবং আস্থা। অমিত শাহ বলেন, এই নতুন ফৌজদারি আইনগুলির লক্ষ্য হলো এমন একটি ব্যবস্থার মাধ্যমে নাগরিকদের ন্যায়বিচার নিশ্চিত করা, যা অধিকতর প্রযুক্তি-নির্ভর ও সময়-নির্দিষ্ট। রবিবার পুদুচেরির গোরিমেডুর পুলিশ ট্রেনিং স্কুল মাঠে পুদুচেরি পুলিশকে 'প্রেসিডেন্টস পুলিশ কালার' (রাষ্ট্রপতির পুলিশ সম্মাননা) প্রদান অনুষ্ঠানে অংশ নেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। পুদুচেরি পুলিশকে অভিনন্দন জানিয়ে অমিত শাহ বলেন, 'প্রেসিডেন্টস পুলিশ কালার' অর্জন করা যে কোনও সুশৃঙ্খল পুলিশ বাহিনীর জন্য অত্যন্ত গৌরবময় মুহূর্ত।

ভারত ছাড়োর ডাক স্বাধীনতা সংগ্রামে প্রাণশক্তি সঞ্চার করেছিল: প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৯ অগস্ট: জাতির জনক মহাত্মা গান্ধির নেতৃত্বে ভারত ছাড়ো আন্দোলনে যারা অংশগ্রহণ করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবার তাঁদের শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন। তিনি জানান, ভারত ছাড়োর আহ্বান স্বাধীনতা সংগ্রামে নতুন প্রাণশক্তি সঞ্চার করেছিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক্স মাধ্যমে জানান, 'ঐতিহাসিক 'ভারত ছাড়ো আন্দোলনে' অংশগ্রহণকারী সকলের প্রতি শ্রদ্ধা জানাই। তাঁদের অদম্য সাহস প্রতিটি ভারতবাসীর জন্য চিরকাল অনুপ্রেরণা হয়ে থাকবে। মহাত্মা গান্ধির নেতৃত্বে 'ভারত ছাড়ো'র সেই জোরালো আহ্বান আমাদের স্বাধীনতা সংগ্রামে নতুন প্রাণশক্তি সঞ্চার করেছিল এবং ঔপনিবেশিক শাসন থেকে মুক্ত হওয়ার ক্ষেত্রে এ দেশের মানুষের অবিচল সংকল্পকে প্রতিফলিত করেছিল।'

ভারত ছাড়ো আন্দোলনের বর্ষপূর্তি ৯ অগস্ট। ১৯৪২ সালের ৯ অগস্ট জাতির জনক মহাত্মা গান্ধীর এক ডাকে ভারত ছাড়ো আন্দোলনে যোগ দেন অগণিত মানুষ। ব্রিটিশ বিরোধী এই আন্দোলনের মূল মন্ত্রই ছিল করেঙ্গে ইয়া মরেঙ্গে। বম্বে থেকে শুরু হওয়া এই আন্দোলন ধীরে ধীরে ছড়িয়ে পড়ে আমেদাবাদ, দিল্লি ও কলকাতা-সহ দেশের বিভিন্ন প্রান্তে। জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এই আন্দোলন ব্রিটিশদের রীতিমতো নাড়িয়ে দিয়েছিল।

ভারত ছাড়ো আন্দোলনের বর্ষপূর্তিতে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি বিনম্র শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। রবিবার সকালে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এক্স মাধ্যমে জানান, 'মহাত্মা গান্ধির আহ্বানে শুরু হওয়া 'ভারত ছাড়ো আন্দোলন' আমাদের স্বাধীনতা সংগ্রামের এমন এক ঐতিহাসিক অধ্যায়, যা দেশবাসীকে ঐক্যবদ্ধ করেছিল এবং ব্রিটিশ শাসন থেকে মুক্তির লক্ষ্যে তাদের মধ্যে 'করেঙ্গে ইয়া মরেঙ্গে'র সংকল্প ও অদম্য সাহস সঞ্চার করেছিল। দেশকে মুক্ত করার এই মহান সংগ্রামে যাঁরা নিজেদের সর্বস্ব উৎসর্গ করেছিলেন, সেই সকল অমর স্বাধীনতা সংগ্রামীর প্রতি আমি শ্রদ্ধা নিবেদন করছি।'

অমিত শাহ আরও উল্লেখ করেন, ''আগস্ট বিপ্লবে'র এই দিনটি আমাদের দেশীয় রীতিনীতি ও ঐতিহ্যকে আপন করে নিয়ে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দিতে, 'আত্মনির্ভর ভারত' গড়ে তুলতে এবং 'বিকশিত ভারত'-এর সংকল্প বাস্তবায়নে অনুপ্রাণিত করে।'

নাগরিক নিরাপত্তা নিশ্চিতে যে কোনও পদক্ষেপে প্রস্তুত: রাজনাথ

নয়াদিল্লি, ৯ অগস্ট: প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং রবিবার দিল্লির সেনা হাসপাতালে 'সিঁদুর মহারক্তদান যাত্রা' রক্তদান শিবিরের উদ্বোধন করেন। রাজনাথ সিং বলেন, 'অপারেশন সিঁদুর' বিশ্বজুড়ে এই বার্তা দিয়েছে যে, দেশের নারীদের সিঁদুরের মর্যাদা রক্ষার পাশাপাশি নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করতে ভারত যে কোনও পদক্ষেপ নিতে প্রস্তুত। প্রতিরক্ষামন্ত্রী ভারতীয় প্রতিরক্ষাবাহিনীর ভূয়সী প্রশংসা করেন, যারা পাকিস্তানে ঘাঁটি গেড়ে থাকা সন্ত্রাসী ও তাদের মদতদাতাদের খতম করেছে এবং যারা ভারতের ওপর কুদৃষ্টি ফেলার দুঃসাহস দেখিয়েছে, তাদের কঠোর পরিণতির মুখে ফেলেছে।

রাজনাথ সিং বলেন, 'রক্ত কোনও কারখানা বা গবেষণাগারে তৈরি হয় না, কেবল একজন সুস্থ মানুষই অন্য একজনকে তা দিতে পারেন। তাই জীবনদানের পাশাপাশি রক্তদান হলো মানবতার শ্রেষ্ঠ উপহার। মহারাষ্ট্রে বীরত্ব ও সহমর্মিতার যে ঐতিহ্য ছত্রপতি শিবাজী মহারাজের সময় থেকে চলে আসছে, তা আজও অব্যাহত রয়েছে। অন্যের সুরক্ষা এবং দেশসেবার মধ্যেই মানুষের শক্তির সর্বোত্তম সদ্ব্যবহার নিহিত।' রাজনাথ আরও বলেন, 'তরুণ বন্ধুদের আহ্বান জানানো হচ্ছে যেন তারা রক্তদানকে কেবল একটি কর্মসূচির গণ্ডি থেকে বের করে একটি সংস্কৃতিতে পরিণত করেন এবং ২০৪৭ সালের মধ্যে একটি সুস্থ, নিরাপদ ও সংবেদনশীল ভারত গড়ে তোলার ক্ষেত্রে মূল্যবান অবদান রাখেন।'

ময়দান

ডিএসপি হচ্ছেন ত্রিপুরার অস্মিতা দে

নিজস্ব প্রতিবেদন: কমনওয়েলথ গেমসে জুডোয় সোনা জিতে ভারতীয় ক্রীড়ার ইতিহাসে নিজের নাম লিখিয়েছিলেন অস্মিতা দে। সেই সাফল্যের পর এবার কর্মজীবনেও বড় স্বীকৃতি পেতে চলেছেন ত্রিপুরার এই বাঙালি কন্যা। উত্তরপ্রদেশ পুলিশের সাব-ইনস্পেক্টর অস্মিতাকে ডেপুটি সুপারিনটেন্ডেন্ট অফ পুলিশ বা ডিএসপি পদে উন্নীত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রশাসনিক প্রক্রিয়া শেষ হলেই আনুষ্ঠানিক ভাবে নতুন দায়িত্বে যোগ দেবেন তিনি।

কমনওয়েলথ গেমসে জুডোর ফাইনালে কানাডার হেইডি কুয়াচের বিরুদ্ধে দুরন্ত লড়াই করে সোনা জিতেছিলেন অস্মিতা। তাঁর সেই জয় ছিল ঐতিহাসিক। কারণ, তিনিই প্রথম ভারতীয় জুডোকা, যিনি কমনওয়েলথ গেমসে সোনা জয়ের নজির গড়েন। তাঁর পর ভারতীয় জুডোয় আরও একটি সোনা আসে হর্ষ সিংয়ের হাত ধরে। তবে প্রথম ভারতীয় হিসাবে এই কৃতিত্ব অর্জনের রেকর্ডটি চিরকালই থাকবে অস্মিতার নামের পাশে।

এবার সেই ঐতিহাসিক সাফল্যের স্বীকৃতি মিলছে কর্মক্ষেত্রেও। উত্তরপ্রদেশ পুলিশের তরফে তাঁকে ডিএসপি পদে উন্নীত করার উদ্যোগ শুরু হয়েছে। ইতিমধ্যেই তাঁর হাতে একটি চিঠি এসেছে বলে জানিয়েছেন অস্মিতা। সেখানে তাঁকে পদোন্নতির বিষয়ে জানানো হয়েছে।এক সাক্ষাৎকারে নিজের পদোন্নতির খবর জানিয়ে অস্মিতা বলেন, তাঁকে ডিএসপি করার কথা জানানো হয়েছে এবং এ বিষয়ে একটি চিঠিও তিনি পেয়েছেন। বর্তমানে তিনি উত্তরপ্রদেশ পুলিশের সাব-ইনস্পেক্টর হিসাবে কর্মরত। পদোন্নতির এই খবর স্বাভাবিক ভাবেই তাঁর কাছে অত্যন্ত আনন্দের।

ক্রীড়াজীবনে অস্মিতার সাফল্যের পিছনে উত্তরপ্রদেশ পুলিশের অবদানের কথাও বারবার উঠে এসেছে। কমনওয়েলথ গেমসে অংশ নেওয়ার আগে আর্থিক সহযোগিতা-সহ বিভিন্ন ভাবে তাঁকে সাহায্য করেছিল উত্তরপ্রদেশ পুলিশ। শুধু অস্মিতা নন, তাঁর পরিবারকেও বিভিন্ন সময়ে সহযোগিতা করা হয়েছে। সেই সাহায্যের কথা স্মরণ করে পুলিশ প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন এই সোনাজয়ী জুডোকা।

তবে জীবনের এমন আনন্দের মুহূর্তেও আবেগঘন হয়ে পড়েছেন অস্মিতা। কারণ, তাঁর এই সাফল্য দেখার জন্য বাবা আজ আর তাঁর পাশে নেই। গত ডিসেম্বরেই বাবাকে হারিয়েছেন তিনি। অথচ কেরিয়ারের প্রতিটি গুরুত্বপূর্ণ মুহূর্তে বাবাই ছিলেন তাঁর অন্যতম বড় অনুপ্রেরণা ও সমর্থক। কমনওয়েলথে সোনা জেতার পরও বাবার কথা স্মরণ করেছিলেন অস্মিতা।

ডিএসপি পদে উন্নীত হওয়ার খবর পাওয়ার পরও বাবার প্রসঙ্গ উঠে এসেছে তাঁর কথায়। আবেগ সামলাতে না-পেরে অস্মিতা জানিয়েছেন, বাবা আজ বেঁচে থাকলে এই খবর শুনে সবচেয়ে বেশি খুশি হতেন। তাই নিজের এই নতুন অর্জন বাবাকেই উৎসর্গ করতে চান তিনি। বাবার সঙ্গে তাঁর সম্পর্ক অত্যন্ত গভীর ছিল এবং কঠিন সময়ে তিনিই সবসময় পাশে থেকেছেন বলে জানিয়েছেন অস্মিতা।

উত্তরপ্রদেশ পুলিশের এক আধিকারিকও জানিয়েছেন, অস্মিতাকে ডিএসপি পদমর্যাদায় উন্নীত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিমধ্যেই প্রয়োজনীয় চিঠিপত্র তৈরির কাজ চলছে। পুরো প্রশাসনিক প্রক্রিয়া শেষ হওয়ার পরই তিনি নতুন পদে দায়িত্ব নেবেন। বিষয়টি নিয়ে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের কাছেও চিঠি পাঠানো হয়েছে। মুখ্যমন্ত্রীর অনুমোদন ও স্বাক্ষরের পরেই পদোন্নতি আনুষ্ঠানিক রূপ পাবে।

কমনওয়েলথে ঐতিহাসিক সোনা থেকে পুলিশের উচ্চপদে উন্নীত হওয়া অস্মিতা দের কেরিয়ারের পথ যেন একের পর এক সাফল্যে ভরে উঠছে। মাঠে দেশের হয়ে গৌরব এনে দেওয়ার পর এবার প্রশাসনিক দায়িত্বেও নতুন অধ্যায় শুরু করতে চলেছেন এই বাঙালি কন্যা।

মিহির ঘোষ টেবিল টেনিস অ্যাকাডেমির পরিচালনায় আয়োজিত স্ট্যাগ গ্লোবাল গোপীনাথ ঘোষ মেমোরিয়াল টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপ ২০২৬-এর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভাটপাড়া পৌরসভার নবনিযুক্ত চেয়ারম্যান হিমাংশু সরকার। বিজেপির জনপ্রিয় নেতা 'বাপি' নামে পরিচিত হিমাংশু সরকার বলেন, যে কোনও খেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার মূল ভিত্তি হল প্রাথমিকস্তরে ছোটো ছোটো খেলোয়াড়দের সুযোগ ও উপযুক্ত পরিবেশ তৈরি করে দেওয়া। টুর্নামেন্টের আয়োজনকে সেই ধারাবাহিক উদ্যোগের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে উল্লেখ করে আয়োজকদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান তিনি।

ঢাকুরিয়া ক্রিকেট ক্লাবের ৮০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হল ক্লাব প্রাঙ্গণে। সভায় ক্লাবের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। সভার শুরুতেই অনাকাঙ্ক্ষিতভাবে অসুস্থ বোধ করেন ক্লাবের সহ-সভাপতি গৌর দাস। তাঁকে দ্রুত অ্যাম্বুলেন্সে করে ইএম বাইপাস সংলগ্ন একটি মাল্টি-স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। প্রাথমিক চিকিৎসার পর তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। সর্বশেষ খবর অনুযায়ী, তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল। সভা শেষে ইলিশের নানা পদ-সহ জমজমাট মধ্যাহ্নভোজের আয়োজন ছিল। ক্লাবের অন্যতম শীর্ষ কর্তা শান্তনু কুমার মিত্র জানান, গৌর দাসের দ্রুত আরোগ্য কামনা করছেন ক্লাবের সকল সদস্য।

নেপালে বর্ষার দাপট, ভারী বৃষ্টি-তুষারপাতের সম্ভাবনা

কাঠমান্ডু, ৯ অগস্ট: নেপালে ফের সক্রিয় হয়েছে মৌসুমি বায়ু। দেশের একাধিক এলাকায় ভারী বৃষ্টি এবং পাহাড়ি অঞ্চলে তুষারপাতের সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর। পরিস্থিতির কথা মাথায় রেখে সংবেদনশীল এলাকার বাসিন্দাদের সম্ভাব্য প্রাকৃতিক দুর্যোগ নিয়ে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

বর্তমানে দেশের অধিকাংশ এলাকায় আকাশ মেঘলা। কোশি, লুম্বিনী ও কর্ণালি প্রদেশের কিছু জায়গায় এবং বাগমতী ও গান্ডাকি প্রদেশের একাধিক এলাকায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হচ্ছে। আবহাওয়া দপ্তর সূত্রে জানা গিয়েছে, রবিবার দুপুরে দেশের আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দেশের কিছু পার্বত্য এলাকায় ভারী বৃষ্টি এবং তুষারপাত হতে পারে। পাশাপাশি লুম্বিনী, সুদূর পশ্চিম, মধেশ, কোশি, বাগমতী এবং গান্ডাকি প্রদেশের কয়েকটি তরাই এলাকাতেও মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, কোশি, বাগমতী ও গান্ডাকি প্রদেশের পার্বত্য ও পাহাড়ি এলাকায় এবং কর্ণালি প্রদেশের পাহাড়ি অঞ্চলে ভারী বৃষ্টি হতে পারে। লুম্বিনী প্রদেশের পাহাড়ি ও তরাই এলাকার এক-দুই জায়গাতেও ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।রবিবার রাতেও দেশের অধিকাংশ এলাকায় আকাশ মেঘলা থাকবে বলে পূর্বাভাস। কিছু পার্বত্য এলাকায় বৃষ্টি ও তুষারপাত হতে পারে। কোশি, গান্ডাকি, লুম্বিনী এবং সুদূরপশ্চিম প্রদেশের একাধিক পাহাড়ি ও তরাই এলাকায় মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এছাড়া মধেশ প্রদেশের কিছু পাহাড়ি ও তরাই এলাকা, কর্ণালি প্রদেশের পাহাড়ি অঞ্চল এবং বাগমতী প্রদেশের পাহাড়ি ও তরাই এলাকাতেও মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে। আবহাওয়া দপ্তরের সতর্কবার্তায় বলা হয়েছে, কোশি, গান্ডাকি ও সুদূর পশ্চিম প্রদেশের পাহাড়ি ও তরাই এলাকার এক-দু' জায়গার পাশাপাশি বাগমতী প্রদেশের পাহাড়ি এলাকাতেও ভারী বৃষ্টি হতে পারে।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404**, Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্নার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। RNI No. WBBEN/2006/17404, ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com সম্পাদক- সন্তোষ কুমার সিং